গবেষণায় প্রকাশিত; করোনা বায়ুবাহিত রোগ

লালা বা ড্রপলেটের তুলনায় বাতাসের মাধ্যমেই করোনাভাইরাস ছড়ায় অনেক বেশি। বিশ্বখ্যাত চিকিৎসা সাময়িকী ল্যানসেটে প্রকাশিত এক নিবন্ধে এই তথ্য জানিয়েছেন একদল গবেষক।

সার্স-কোভ-২ ভাইরাস, বা করোনাভাইরাসের ছড়ানো নিয়ে সম্প্রতি গবেষণা করেছেন যুক্তরাজ্য, যুক্তরাষ্ট্র ও কানাডার ছয় জন গবেষকের একটি দল। দলের অন্যতম সদস্য যুক্তরাষ্ট্রের কলোরাডো বৌল্ডার বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক এবং কো অপারেটিভ ইনস্টিটিউট ফর রিসার্চ ইন এনভায়ার্নমেন্টাল সায়েন্সের (সিআইআরইএস) রসায়নবিদ জস লুইস জিমেনেজ, ‘আমাদের গবেষণার প্রাপ্ত তথ্য বলছে, লালা বা ড্রপলেটের তুলনায় বাতাসে এই ভাইরাসটি অনেক দ্রুত ও অবাধে ছড়ায়।’

জিমেনেজ বলেন, ‘আমাদের মতে, করোনাভাইরাস ছড়ানোর বিষয়ে বিশ্ব স্বাস্থ্য সংস্থা ও বিভিন্ন দেশের সরকারি স্বাস্থ্য সেবা কর্তৃপক্ষ যে ব্যাখ্যা দিয়েছে, তাতে অবিলম্বে এই তথ্যটি অন্তর্ভূক্ত করা উচিত এবং কিভাবে ভাইরাসটির বায়ুবাহিত সংক্রমণ কমানো যায়— এ ব্যাপারে গুরুত্ব দেওয়া উচিত।’
গবেষক দলের সদস্যরা তাদের নিবন্ধে আরো বলেছেন, করোনায় আক্রান্ত মৃদু উপসর্গের রোগী অর্থাৎ যাদের ঘন ঘন হাঁচি বা কাশির মতো উপসর্গ নেই—তারা ভাইরাসটি ছড়ানোর ক্ষেত্রে অন্যতম প্রধান ভূমিকা রাখেন। বিশ্বজুড়ে মোট সংক্রমণের অন্তত ৪০ শতাংশ ঘটেছে এই মৃদু উপসর্গের রোগীদের কারণে।

বাতাসে এই ভাইরাসটির সংক্রমণের হার এত বেশি যে, হোটেলে পাশাপাশি কক্ষে থাকা লোকজন একে অপরের কাছাকাছি না এলেও শুধু বায়ুবাহিত কারণে এই ভাইরাসটি এক কক্ষ থেকে অপর কক্ষে থাকা লোকজনের দেহে প্রবেশ করতে সক্ষম।

করোনা মহামারির শুরুর দিকে বিশেষজ্ঞদের একাংশ যদিও বলেছিলেন, লালা বা থুথুর (ড্রপলেট) মাধ্যমে এই ভাইরাসটি ব্যপকভাবে ছড়ায়, তবে সাম্প্রতিক গবেষণায় এর পক্ষে তেমন জোরালো প্রমাণ পাওয়া যায়নি বলে জানিয়েছেন এই গবেষক দলের সদস্যরা।

গবেষকদলের প্রধান ও অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ট্রিশ

গ্রিনহালফ বলেন, ‘মহামারির শুরু থেকেই ঘন ঘন হাতধোওয়া এবং আশপাশের পরিবেশ পরিস্কার পরিচ্ছন্ন রাখার ব্যাপারটিতে জোর দেওয়া হচ্ছে। এগুলো গুরুত্বপূর্ণ, তবে তারচেয়েও অনেক বেশি গুরুত্বপূর্ণ এই রোগের বায়ুবাহিত সংক্রমণ রোধে কার্যকর উপায় বের করা।’
‘কারণ বায়ুবাহিত হওয়ার কারণে এ রোগে আক্রান্ত রোগীর থেকে দূরে থাকা স্বত্বেও তার দ্বারা আক্রান্ত হতে পারেন যে কোনো সুস্থ মানুষ। এমনকি বাসায় অবস্থান করেও করোনায় আক্রান্ত হয়েছেন এমন বেশ কিছু নজির আমরা পেয়েছি। এ কারণে আমরা বলব, বাইরে বেরোনোর সময় তো বটেই, ঘরে অবস্থান করার সময়ও যতক্ষণ সম্ভব মাস্ক পরে থাকা উচিত।’

গবেষক দলের সদস্য যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়া সান ডিয়াগো বিশ্ববিদ্যালয়ের জীবানুবিশেষজ্ঞ কিমবার্লি প্রাথার বলেন, ‘আমরা যেহেতু জানতে পেরেছি, এই ভাইরাসটি প্রধানত বায়ুবাহিত, এখন সেটিকে আমরা সেইভাবে মোকাবিলাও করতে পারব। বিভিন্ন দেশ শুরু থেকেই এভাবে ভাইরাসটি নিয়ন্ত্রণের চেষ্টা করেছে এবং অনেকটা সফলও হয়েছে। আমরা তাদের অনুসরণ করতে পারি।’

সূত্র: এনডিটিভি

জাতিসংঘ শান্তিরক্ষায় অনন্য অবদানের স্বীকৃতি পেলেন অতিরিক্ত পুলিশ সুপার নূর

জাতিসংঘ-আফ্রিকা ইউনিয়নের হাইব্রিড মিশন দারফুর, সুদানে শান্তিরক্ষায় কঠোর পরিশ্রম আর অসাধারণ কর্মদক্ষতার স্বীকৃতি স্বরূপ প্রশংসা সনদ পেলেন বাংলাদেশ ফর্মড পুলিশ ইউনিটের এডমিন অফিসার অতিরিক্ত পুলিশ সুপার নূর-ই-আলম সিদ্দিকী।
উনামিড মিশনে নিযুক্ত শান্তিরক্ষা মিশনের ভারপ্রাপ্ত পুলিশ কমিশনার ড. সুলতান আজম তিমুরি গতকাল (২৫ ফেব্রুয়ারি) দারফুর এলফাশের লগবেইজড সুপারক্যাম্পে তার নিজস্ব কার্যালয়ে এই সনদ

প্রদান করেন।
তপ্ত মরুভূমির বৈরি পরিবেশে সকল চ্যালেঞ্জ মোকাবেলা করে নূর-ই-আলম সিদ্দিকী সর্ব্বৃহত নিয়ালা সুপার ক্যাম্প, আল ফেশার ক্যাম্প, কুটুম ক্যাম্প এর নিরাপত্তা দক্ষতার সাথে প্রদান করেন।
যথাযথ সিকিউরিটি প্রটোকল মেনে দুই দুই বার রিলোকেশনের চ্যালেঞ্জ স্বাচ্ছন্দ্যে গ্রহণ করে নির্ভরতার পরিচয় দেন এডমিন এন্ড ডিউটি অফিসার নূর। ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের সাবেক এই শিক্ষার্থীর স্থানীয় দরিদ্র জনগোষ্ঠীর মাঝে পরিচালিত”ওহপড়সব এবহবৎধঃরহম অপঃরারঃরবং”, “সম্পদ ব্যবস্থাপনা” ধারণা উনামিড লিডারশীপ কতৃক ব্যাপকভাবে প্রশংসিত হয়েছে বলে জানান বাংলাদেশ এফপিইউ এর কমান্ডার পুলিশ সুপার মোহাম্মদ আবদুল হালিম। তার পরিকল্পনায় এবং ভিন্ন ভাষায় সাবলীল উপস্থাপনায় মঞ্চায়িত বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান আন্তর্জাতিক অঙ্গনে ভীনদেশীদের মাঝে বাংলা সংস্কৃতি প্রচারে কার্যকরী ভূমিকা রেখেছে বলে পুলিশ সুপার হালিম জানান।
‘প্রশংসা সনদ’ প্রাপ্তিতে উচ্ছ্বাস প্রকাশ করে অতিরিক্ত পুলিশ সুপার নূর জানান, ‘চেষ্টা করেছি মিশন সংশ্লিষ্ট প্রতিটি কাজে বাংলাদেশ পুলিশের ইতিবাচক ইমেজ তৈরি করে শান্তিরক্ষায় বাংলাদেশের গৌরবোজ্জ্বল অধ্যায়ের সাক্ষী হতে। দীর্ঘ ২১ মাসের নিরলস পরিশ্রম, পেশাদারীত্ব আর দায়ীত্ববোধের অর্জিত শিক্ষা বয়ে নিয়ে যেতে চাই প্রিয় মাতৃভূমি বাংলাদেশে। আজকের এই সনদ আর জাতিসংঘের শান্তি পদক প্রাপ্তি প্রেরণা জোগাবে বাংলাদেশ পুলিশের অগ্রযাত্রায় শামীল হতে।”
উল্লেখ্য অতিরিক্ত পুলিশ সুপার নূর-ই-আলম সিদ্দিকী মিশনে গমনের পূর্বে কুষ্টিয়া ভেড়ামারা সার্কেলে কর্মকালীন বিভিন্ন চাঞ্চল্যকর গুরুত্বপূর্ণ মামলার রহস্য উন্মোচন করে কুষ্টিয়াবাসীর কাছে ব্যাপকভাবে প্রশংসিত হয়েছিলেন।

মার্কিন একাধিপত্যবাদ

মোকাবেলায় এরদোয়ানের সঙ্গে টেলিফোনে যা বললেন রুহানি

ইরানের প্রেসিডেন্ট ড. হাসান রুহানি বলেছেন, নিষেধাজ্ঞা কবলিত দেশগুলোর ঐক্যই হচ্ছে মার্কিন একাধিপত্যবাদ ও তাদের অবৈধ পদক্ষেপ মোকাবেলার শ্রেষ্ঠ উপায়।

রবিবার তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়্যেব এরদোয়ানের সঙ্গে টেলিফোন সংলাপে একথা বলেন রুহানি। এ সময় তিনি মার্কিন নিষেধাজ্ঞার মুখে তুরস্কের প্রতি ইরানের পক্ষ থেকে অকুণ্ঠ সমর্থন ঘোষণা করেন।

মার্কিন সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের পক্ষ থেকে ইরানের বিরুদ্ধে অন্যায় নিষেধাজ্ঞার কথা উল্লেখ করে প্রেসিডেন্ট রুহানি বলেন, তেহরান বারবার বলেছে, আমেরিকা যদি এসব নিষেধাজ্ঞা তুলে নেয় তাহলে ইরানও দ্রুত পরমাণু সমঝোতা বাস্তায়নের ধারায় ফিরবে। ইরানের এ দাবি যৌক্তিক বলে তিনি উল্লেখ করেন।

ড. রুহানি আরও বলেন, ইরান সবসময় বলে আসছে আমেরিকা কোনও পদক্ষেপ নিলে ইরানও পাল্টা ব্যবস্থা নেবে।

সিরিয়া প্রসঙ্গে প্রেসিডেন্ট রুহানি বলেন, দেশটির চলমান সংকট নিরসন করতে সংলাপ জরুরি। সিরিয়া সংকট সমাধানে ইরান, তুরস্ক ও রাশিয়ার মধ্যকার আলোচনা এবং সংলাপ অব্যাহত থাকার ওপরও গুরুত্বারোপ করেন তিনি।

টেলিফোন সংলাপে তুর্কি প্রেসিডেন্ট দ্বিপক্ষীয় সহযোগিতা সম্পর্ক বাড়াতে দু’ দেশের মধ্যকার জয়েন্ট কমিশনের বৈঠক অনুষ্ঠানের আহ্বান জানান। তিনি বলেন, ইরান ও তুরস্কের মধ্যে কার্যকর আলোচনা আঞ্চলিক শান্তি এবং নিরাপত্তা নিশ্চিত করতে পারে। সূত্র: প্রেস টিভি

ইরানের পরমাণুকেন্দ্রে জাতিসংঘের নজরদারি বন্ধ

জাতিসংঘ আর ইরানের পরমাণু কেন্দ্রের উপর নজরদারি চালাতে পারবে না বলে জানিয়ে দিল ইরান। এরই মধ্যে তেহরানের সঙ্গে জরুরি বৈঠক করেছেন জাতিসংঘের অ্যাটোমিক ওয়াচডগের প্রধান।

আইন হয়েছিল মাসখানেক আগেই। তখনও মার্কিন প্রেসিডেন্টের চেয়ারে ছিলেন ডোনাল্ড ট্রাম্প। ইরানের পার্লামেন্ট জানিয়েছিল, আমেরিকা তাদের ওপর থেকে নিষেধাজ্ঞা তুলে না নিলে ইউরেনিয়ামের মজুত কয়েক গুণ বাড়ানো হবে। পাশাপাশি, দেশের পরমাণুকেন্দ্রে জাতিসংঘের নজরদারি বন্ধ করা হবে। ২১ ফেব্রুয়ারি পর্যন্ত আমেরিকাকে সময় দেওয়া হয়েছিল ওই আইনে। আজ সোমবার থেকে সেই আইন বলবৎ হবে বলে জানিয়েছে ইরান।

এদিকে, রবিবার তেহরানের সঙ্গে এ বিষয়ে জরুরি বৈঠক করেন জাতিসংঘের অ্যাটোমিক ওয়াচডগের প্রধান রাফায়েল গ্রোসি। বৈঠকের পর সাংবাদিকদের তিনি জানিয়েছেন, তেহরানের সঙ্গে একটি সমঝোতায় পৌঁছানো গেছে। আগামী কয়েকমাস জাতিসংঘ আগের মতো না হলেও ইরানে পরমাণুকেন্দ্রের খবরাখবর নিতে পারবে।

তেহরানের সঙ্গে জাতিসংঘের বৈঠকে ঠিক কী আলোচনা হয়েছে, তা এখনও স্পষ্ট নয়। গ্রোসি এ বিষয়ে বিস্তারিত তথ্য জানাননি। তিনি কেবল জানিয়েছেন, পরমাণুকেন্দ্রে নজরদারির জন্য ইরানে জাতিসংঘের যে প্রতিনিধিরা ছিলেন, এখনই তাদের ইরান দেশ থেকে বের করে দেবে না। আগামী অন্তত তিন মাসের জন্য ইরানের সঙ্গে একটি সমঝোতায় পৌঁছানো গেছে। জাতিসংঘ আগের মতো না হলেও ইরানের পরমাণুকেন্দ্রের খবরাখবর রাখতে পারবে। এর চেয়ে বেশি বৈঠকের বিষয়ে আর কিছু জানাননি জাতিসংঘের অ্যাটোমিক ওয়াচডগের প্রধান।

ইরানের পররাষ্ট্রমন্ত্রী মোহাম্মদ জাভেদ জারিফ রবিবার ইরানের জাতীয় টেলিভিশনে জানিয়েছেন, জাতিসংঘ ইরানের পরমাণুকেন্দ্রে ক্যামেরা বসিয়ে রেখেছিল। সোমবার থেকে সেই ক্যামেরার ফুটেজ আর তাদের দেওয়া হবে না। অর্থাৎ, তেহরান স্পষ্ট করে দিয়েছে, পরমাণু কেন্দ্রে আর সরাসরি নজরদারি চালাতে পারবে না জাতিসংঘ। সূত্র: ডয়েচে ভেলে

নতুন আতঙ্ক! বিশ্বে প্রথম মানব শরীরে বার্ড ফ্লু’র সংক্রমণ

করোনার মধ্যেই এবার সামনে এলো নতুন আতঙ্ক। বিশ্বে প্রথম মানুষের মধ্যে বার্ড ফ্লু ভাইরাসের সংক্রমণ শনাক্ত হয়েছে। শনিবার রুশ কর্তৃপক্ষ এ তথ্য জানিয়েছে।

এ ব্যাপারে রাশিয়ার স্বাস্থ্য পর্যবেক্ষক সংস্থা রোজপোত্রেবনাদজরের প্রধান আন্না পোপোভা জানিয়েছেন, ভেক্টর ল্যাবরেটরির বিজ্ঞানীরা রাশিয়ার দক্ষিণাঞ্চলের একটি পোলট্রি খামারের সাত শ্রমিকের কাছ থেকে H5N8 স্ট্রেনের জিনগত উপাদানগুলো পৃথক করেছিলেন। ওই খামারে গত ডিসেম্বরে বার্ড ফ্লুর প্রাদুর্ভাব হয়েছিল।

তিনি জানান, শ্রমিকদের কোনো গুরুতর স্বাস্থ্যগত সমস্যা হয়নি। পোপোভা বলেন, ‘বিশ্বে প্রথমবারের মতো মানুষের মধ্যে অ্যাভিয়ান ফ্লুর সংক্রমণের ঘটনাটি বিশ্ব স্বাস্থ্য সংস্থাকে জানানো হয়েছে।’

অ্যাভিয়ান ফ্লু ভাইরাসের বেশ কয়েকটি রূপ আছে। এর মধ্যে H5N8 রূপটি পাখির জন্য প্রাণঘাতি। এই ভাইরাস এর আগে কখনোই মানবদেহে সংক্রমিত হয়নি।

ইসরায়েল যখন পরমাণু বোমা বানাচ্ছে তখন কীসের উদ্বেগ:

ইরান

ইরানের পররাষ্ট্রমন্ত্রী মোহাম্মাদ জাওয়াদ জারিফ তার দেশের পরমাণু কর্মসূচি নিয়ে আন্তর্জাতিক আণবিক শক্তি সংস্থা ও পশ্চিমা দেশগুলোর দ্বৈত নীতির তীব্র সমালোচনা করেছেন।

তিনি বলেছেন, ‘পশ্চিমারা যখন ইসরায়েলের পরমাণু অস্ত্র কর্মসূচির ব্যাপারে অন্ধ থাকার নীতি অনুসরণ করছে, তখন ইরানের বেসামরিক পরমাণু কর্মসূচির ব্যাপারে তাদের কীসের উদ্বেগ। এ ব্যাপারে তাদের উদ্বেগ মানায় না।’

জারিফ শনিবার নিজের অফিসিয়াল টুইটার পেজে লিখেন, ‘ইহুদিবাদী ইসরায়েল মধ্যপ্রাচ্যের একমাত্র পরমাণু অস্ত্র নির্মাণ কারখানা ‘দিমুনা’র সম্প্রসারণ করছে। অথচ এ ব্যাপারে কেউ টু শব্দটি পর্যন্ত করছে না।’

টুইটার বার্তায় তিনি আমেরিকার প্রেসিডেন্ট জো বাইডেন, আইএইএ, ব্রিটিশ প্রধানমন্ত্রী বরিস জনসন, ফরাসি প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাকরন এবং জার্মান চ্যান্সেলর অ্যাঙ্গেলা মার্কেলের নাম উল্লেখ করে, তাদের উদ্দেশ করে বক্তব্য দেন।

ইরানের পররাষ্ট্রমন্ত্রী বলেন, ‘আপনারা অত্যন্ত উদ্বিগ্ন? উদ্বিগ্ন? এমনকি একটুখানি? আপনাদের কি মন্তব্য করার অধিকার আছে? আমিতো এমনটিই ভাবতাম।’

সূত্র: পার্সটুডে

আফগানিস্তান থেকে সেনা প্রত্যাহারের ব্যাপারে এখনও

সিদ্ধান্ত হয়নি: পেন্টাগন

মার্কিন প্রতিরক্ষা সদরদফতর পেন্টাগন জানিয়েছে, আফগানিস্তান থেকে সেনা প্রত্যাহারের ব্যাপারে এখনও চূড়ান্ত কোনও সিদ্ধান্ত হয়নি। পেন্টাগন বলছে, যুদ্ধবিধ্বস্ত এই দেশ থেকে সেনা প্রত্যাহারের আগে অবশ্যই সেখানে সহিংসতা উল্লেখযোগ্য মাত্রায় কমে আসতে হবে। ২০ বছর আগে তালেবান হটানোর নামে আফগানিস্তানে সেনা মোতায়েন করে আমেরিকা।

গত বুধ ও বৃহস্পতিবারের ন্যাটো জোটের কর্মকর্তারা বৈঠক করেছেন এবং তাতে আফগানিস্তানে মোতায়েন জোটের ৯,৬০০ সেনার ভাগ্যে কী হবে তা নিয়ে বিশেষ গুরুত্ব দিয়ে আলোচনা করেছেন। এ সম্পর্কে মার্কিন প্রতিরক্ষামন্ত্রী অস্টিন লয়েড শুক্রবার পেন্টাগনে সাংবাদিকদের ব্রিফ করেন।

বাড়ল যুক্তরাষ্ট্র-কানাডা সীমান্ত বন্ধের মেয়াদ

যুক্তরাষ্ট্র সঙ্গে কানাডার সীমান্ত বন্ধের মেয়াদ বাড়ল। আগামী ২১ মার্চ পর্যন্ত দুই দেশের সীমান্ত ব্যবহার করে অপ্রয়োজনীয় সকল যাতায়াত বন্ধ থাকবে।

শুক্রবার জন নিরাপত্তা বিষয়ক মন্ত্রী বিল ব্লেয়ার এ কথা জানিয়েছেন। খবর এএফপি’র।

টুইটারে দেওয়া এক বার্তায় তিনি বলেন, “যুক্তরাষ্ট্রের সঙ্গে অপ্রয়োজনীয় যাতায়াত বন্ধের মেয়াদ ২০২১ সালের ২১ মার্চ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে।”

“কোভিড-১৯ রোগের সংক্রমণ থেকে কানাডার নাগরিকদের নিরাপদ রাখার ব্যাপারে সুবিধা হয় এমন ভালো জনস্বাস্থ্য সংক্রান্ত পরামর্শ বিষয়ে আমরা আমাদের গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত অব্যাহত রাখব।”

মহামারী করোনাভাইরাসের লাগাম টেনে ধরতে ২০২০ সালের মার্চে প্রাথমিকভাবে এ সীমান্ত বন্ধ ঘোষণা করা হয়। তবে এ সীমান্ত দিয়ে কেবলমাত্র পণ্যদ্রব্য ও প্রয়োজনীয় ভ্রমণের অনুমতি রয়েছে।

করোনাভাইরাসে কানাডায় এ পর্যন্ত ২১ হাজারের বেশি এবং যুক্তরাষ্ট্রে প্রায় ৫ লাখ মানুষ প্রাণ হারিয়েছে।

যুক্তরাষ্ট্রে তুষারঝড়ে লণ্ডভণ্ড জনজীবন, নিহত ২১

তীব্র শীত ও ভয়াবহ তুষারঝড়ে যুক্তরাষ্ট্রে এখন পর্যন্ত অন্তত ২১ জনের প্রাণহানি হয়েছে। এতে লণ্ডভণ্ড জনজীবনে বিদ্যুৎ বিচ্ছিন্ন রয়েছেন লাখ লাখ মার্কিনি। এ অবস্থায় জরুরি অবস্থা জারি করা হয়েছে। খবর দ্য গার্ডিয়ানের।

জানা গেছে, হঠাৎই তুষারঝড়ের কবলে পড়ে যুক্তরাষ্ট্রের টেক্সাস ও এর পার্শ্ববর্তী অঞ্চল। মার্কিন বিদ্যুত্ সরবরাহ পর্যবেক্ষণকারী ওয়েবসাইটে জানানো হয়েছে, ৪১ লাখের বেশি গ্রাহক বিদ্যুৎ পরিষেবা থেকে বিচ্ছিন্ন হয়ে পড়েছেন।

এ অবস্থায় পরিস্থিতি সামাল দিতে প্রেসিডেন্ট জো বাইডেন জরুরি অবস্থা জারি করেছেন। এদিকে, টেক্সাসে গত রবিবার মাইনাস ১৮ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা রেকর্ড করা হয়েছে যা গত ৩০ বছরের মধ্যে সবচেয়ে কম।

আমিই একমাত্র ব্যক্তি

অভিশংসনের পরও যার প্রতি জনসমর্থন বাড়ছে: ট্রাম্প

আমেরিকার সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, গত প্রেসিডেন্ট নির্বাচনে তিনি জিতেছেন এবং তিনি যদি ২০২৪ সালে প্রেসিডেন্ট পদে প্রতিদ্বন্দ্বিতা করতে চান তাহলে তার জন্য পর্যাপ্ত পরিমাণে সমর্থন রয়েছে।

মার্কিন গণমাধ্যম নিউজম্যাক্সকে বুধবার এসব কথা বলেন।

পরে সামাজিক যোগাযোগের মাধ্যম টুইটারে দেওয়া পোস্টে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প আগামী নির্বাচনের বিষয়ে প্রশ্ন রেখে বলেছেন, “২০২৪? আমি এখনই বলতে পারছি না তবে আমাদের ব্যাপক সমর্থন রয়েছে।”

সাবেক প্রেসিডেন্ট ট্রাম্প ২০২৪ সালের নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করবেন কিনা সে ব্যাপারে তিনি বলেন, এটা বলার এখনও সময় আসেনি। ট্রাম্প বেশ গর্বভরে বলেন, “আমি হচ্ছি ইমপিচ হওয়া একমাত্র ব্যক্তি যার প্রতি জনসমর্থন বাড়ছে।”

ডোনাল্ড ট্রাম্প নিজ দলের নেতাদের সমালোচনা করে বলেন, রিপাবলিকান দলের লোকজন নিতান্তই ভদ্র, তারা শুধু নিজেদের দলের লোকের ওপর আঘাত হানতে পারেন।